# ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
## শিল্প মন্ত্রণালয়

মালেক ম্যানসন (৯ম তলা), ১২৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

স্মাঃ এসএমসিআইএফ/হিসাব/প্রঃকাঃ/কল্যাণ তহবিল-১/২০২০/৯৪২

তারিখ ঃ ৩০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

বিষয় ঃ এসএমসিআইএফ-এর কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কল্যাণ তহবিলের চাঁদা কর্তন এবং কল্যাণ তহবিল নীতিমালা প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, ১৫তম বোর্ড সভার সিদ্ধান্তক্রমে এসএমসিআইএফ-এর সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কল্যাণ তহবিল সুবিধা বাস্তবায়ন করা হয়েছে এবং ইতোমধ্যে উক্ত তহবিলে এসএমসিআইএফ প্রধান কার্যালয় কর্তৃক ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ পর্যায়ে ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন কল্যাণ তহবিল নীতিমালা-২০২১ অনুযায়ী কর্মকর্তা/ কর্মচারিদের বেতন থেকে চাঁদা কর্তন করে প্রধান কার্যালয়ে প্রেরণ ও এতদসংক্রান্ত অন্যান্য বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১. ২য় থেকে ১০ম গ্রেডের কর্মকর্তাদের প্রতি মাসের বেতন বিল থেকে মাসিক ১৫০/- টাকা হারে এবং তদনিম্ন অর্থাৎ ১২-২০ গ্রেডের কর্মচারীদের বেতন থেকে মাসিক ১০০/- টাকা হারে চাঁদা কর্তন করতে হবে। উল্লেখ্য যে, সেপ্টেম্বর-২০২১ মাসের বেতন থেকে জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর-২০২১ এ ০৩ মাসের চাঁদা একত্রে কর্তন করতে হবে। অর্থাৎ সেপ্টেম্বর-২০২১ মাসের বেতন থেকে কর্মকর্তাদের ০৩ মাসের মোট ৪৫০/-টাকা এবং কর্মচারীদের ০৩ মাসের মোট ৩০০/- টাকা কর্তন করতে হবে এবং পরবর্তী মাস থেকে যথারীতি প্রতি মাসে ১৫০ ও ১০০ টাকা হারে কর্তন করতে হবে।

২. কর্তিত চাঁদার টাকা সার্ভিস চার্জ ব্যাংক হিসাবে জমা থাকবে এবং প্রতি বছরে দুইবার উক্ত টাকা সার্ভিস চার্জ হিসাব থেকে উত্তোলন করে প্রধান কার্যালয়ের কল্যাণ তহবিলের ব্যাংক হিসাবে অনলাইনে জমা করতে হবে। ব্যাংক হিসাবের বিবরণ নিম্নরূপ ঃ
হিসাবের নাম- **SMCIF KALLYAN TAHABIL.** হিসাব নং- **1606303000060,**
হিসাবের ধরণ-SND, ব্যাংক ও শাখার নাম- সোনালী ব্যাংক লিমিটেড, দিলকুশা কর্পোরেট শাখা।

৩. প্রতি বছরের জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ছয় মাসের কর্তিত সমুদয় চাঁদা জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে এবং জানুয়ারী থেকে জুন পর্যন্ত ছয় মাসের কর্তিত সমুদয় চাঁদা জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রধান কার্যালয়ের উপরোক্ত কল্যাণ তহবিলের ব্যাংক হিসাবে অনলাইনে জমা করতে হবে। গত জুলাই-২০২১ মাস থেকে আগামী ডিসেম্বর-২০২১ মাস পর্যন্ত ০৬ মাসের চাঁদা আগামী জানুয়ারী-২০২১-এর প্রথম সপ্তাহের মধ্যে প্রধান কার্যালয়ের কল্যাণ তহবিলের ব্যাংক হিসাবে অনলাইনে জমা করতে হবে।

৪. অনলাইনে প্রধান কার্যালয়ের কল্যাণ তহবিলের ব্যাংক হিসাবে চাঁদার টাকা জমা দেওয়ার পর জমা স্লিপের অনুলিপি এবং এতদসঙ্গে সংযুক্ত ছকে কল্যাণ তহবিলের চাঁদার বিল পত্র মারফত প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫. কল্যাণ তহবিল নীতিমালার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উক্ত নীতিমালার আলোকে এ তহবিল থেকে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য আবেদন করা যাবে।

চলমান পাতা-০২

৬. চাঁদা কর্তনের সুবিধার্থে একটি মাসিক বেতন-ভাতা বিলের নমুনা ছক, কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত কল্যাণ তহবিলের চাঁদার বিলের নমুনা ছক এবং পুরণকৃত একটি নমুনা কল্যাণ তহবিলের চাঁদার বিল এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/০৩/২১

(জি,এম, রব্বানী তালুকদার)
নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ), বিসিক
ও
সমন্বয়ক,এসএমসিআইএফ।

সম্প্রসারণ/ সহকারী সম্প্রসারণ কর্মকর্তা,
এসএমসিআইএফ জেলা কার্যালয়, ( সকল জেলা)।

অনুলিপি ঃ
১। উপ-মহাব্যবস্থাপক/সহঃ মহাব্যবস্থাপক/ উপ-ব্যবস্থাপক, বিসিক জেলা কার্যালয়, (সকল জেলা)।

সংযুক্তি ঃ
১। কল্যাণ তহবিল নীতিমালার অনুলিপি- ০৩ পাতা (৫ পৃষ্ঠা)।
২। বেতন-ভাতা বিলের নমুনা ছক- ০১ পাতা।
৩। বেতন থেকে কর্তনকৃত কল্যাণ তহবিলের চাঁদার বিলের নমুনা ছক- ০১ পাতা।
৪। পুরণকৃত একটি নমুনা কল্যাণ তহবিলের চাঁদার বিল - ০১ পাতা।

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়।
মালেক ম্যানসন (৯ম তলা), ১২৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd

স্মাঃ নং এসএমসিআইএফ/হিসাব/প্রঃকাঃ/কল্যাণ তহবিল নং-০১/২০২০/ ৮৭০/৫ তারিখঃ ১৬ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারী ২০২১

# ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন কল্যাণ তহবিল নীতিমালা-২০২১

## ১.ভূমিকা :

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন চাকুরী প্রবিধানমালা-২০১৫ এর ১৮.০ অনুচ্ছেদে ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)-এর নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের জন্য "ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন কল্যাণ তহবিল" নামে একটি তহবিল গঠনের বিধান রয়েছে। এছাড়া বিগত ১৯.০৫.২০২০ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের ১৩তম বোর্ড সভায় ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোষ্ঠীবীমা গ্রহনের প্রস্তাব উত্থাপিত হলে, কার্যবিবরণীর ০৫ অনুচ্ছেদে গোষ্ঠীবীমার স্থলে আপাতত একটি কল্যাণ তহবিল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। বোর্ড সভার উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কল্যাণ তহবিল সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করার প্রয়োজন পড়ে।

এ নীতিমালা প্রণয়নের জন্য চেয়ারম্যান, এসএমসিআইএফ ও সচিব, শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এ সংক্রান্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়।

ক) নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ - আহবায়ক।
খ) সমন্বয়ক, এসএমসিআইএফ - সদস্য ।
গ) মনিটরিং কর্মকর্তা, এসএমসিআইএফ - সদস্য ।
ঘ) হিসাব রক্ষণ কর্মকর্তা -সদস্য-সচিব ।

যেহেতু পর্ষদ সভায় গোষ্ঠীবীমা বাস্তবায়ন না করে, তদস্থলে আপাততঃ একটি কল্যাণ তহবিল গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে, সেহেতু কমিটি কর্তৃক গোষ্ঠীবীমার সুবিধাসমূহ, কল্যাণ তহবিল এবং বিসিকের "আর্থিক বিশেষ অনুদান" তহবিলের সুবিধাসমুহ ফাউন্ডেশনের কল্যাণ তহবিলে অন্তর্ভূক্ত করে একটি কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ণ করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

## ২.শিরোনাম :

ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)-এর নিয়মিত কর্মকর্তা/কর্মচারী বা তাদের পরিবারের সদস্যদের আকস্মিক দুর্ঘটনা, গুরুতর অসুস্থতা, অসচ্ছল কর্মকর্তা/কর্মচারীর মেধাবী সন্তানদের শিক্ষা সহায়তা, বিবাহযোগ্যা কন্যার বিবাহের জন্য আর্থিক সহায়তা, চাকুরীরত অবস্থায় কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে পরবিারকে আর্থিক সহায়তা বা অন্য কোন অসুবিধায় সহায়তার জন্য গঠিত এ তহবিলের নাম হবে- "ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন কল্যাণ তহবিল" এবং এ সংক্রান্ত নীতিমালাটি "ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন কল্যাণ তহবিল নীতিমালা" নামে পরিচিত হবে।।

(চলমান পাতা-০২)

## ৩. তহবিলের উৎস :

ক) ফাউন্ডেশনের আয় হতে প্রাথমিক তহবিল হিসেবে প্রথম বছরে এ কল্যাণ তহবিলে ২০,০০,০০০/-(বিশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হবে এবং এরপর থেকে প্রত্যেক অর্থ বছরের জুলাই মাসে ফাউন্ডেশনের আয় হতে এ তহবিলে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হবে। এ অনুদানের পরিমাণ বোর্ড সভার অনুমোদনক্রমে সময়ে সময়ে হ্রাস-বৃদ্ধি করা যাবে।

খ) নিয়মিত স্কেলভূক্ত প্রত্যেক কর্মচারীর (গ্রেড ১২-২০ পর্যন্ত) মাসিক বেতন থেকে প্রতিমাসে ১০০/-(একশত) টাকা এবং প্রত্যেক কর্মকর্তার (গ্রেড ২-১০ পর্যন্ত) মাসিক বেতন থেকে প্রতিমাসে ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা বাধ্যতামূলকভাবে কর্তন করা হবে। কর্তিত টাকা প্রতি আর্থিক বছরে দুইবার (জানুয়ারী ও জুলাই মাসে) প্রধান কার্যালয়ের এ সংক্রান্ত ব্যাংক হিসাবে অনলাইনে জমা দিয়ে জমা স্লিপের অনুলিপি ও বিল প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

গ) অন্য কোন ব্যক্তি/সংস্থা থেকে প্রাপ্ত আর্থিক অনুদান।

## ৪. তহবিল সংরক্ষণ :

ক) যে কোন তপসিলি ব্যাংকে এ তহবিলের নামে একটি এসএনডি হিসাব খুলতে হবে এবং ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন চাকুরী প্রবিধানমালা-২০১৫ এর ২৯.১ অনুচ্ছেদের বিধি মোতাবেক এ ব্যাংক হিসাব নির্বাহী পরিচালক ও হিসাবরক্ষণ কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

খ) ফাউন্ডেশন কর্তৃক প্রদত্ত অনুদান, কর্মকর্তা/ কর্মচারীদের বেতন থেকে কর্তিত টাকা এবং অন্য কোন ব্যক্তি/সংস্থা থেকে প্রাপ্ত আর্থিক অনুদানের টাকা এসএমসিআইএফ প্রধান কার্যালয়ের এ সংক্রান্ত ব্যাংক হিসাবে জমা করা হবে। দাবী পরিশোধের মতো নূন্যতম টাকা জমা রেখে অবশিষ্ট টাকা বিনিয়োগ করা যাবে।

গ) এ তহবিলের টাকা সঞ্চয়পত্র ক্রয়ের মাধ্যমে অথবা CAMELS Rating-এ যে সব ব্যাংকের অবস্থান সন্তোষজনক এবং যে সব ব্যাংক অধিকতর মুনাফা/সুদ প্রদান করবে, তহবিলের সুরক্ষা নিশ্চিতকল্পে সে সব ব্যাংকে স্থায়ী আমানত(এফডিআর) হিসাব খুলে বিনিয়োগ করা হবে।

ঘ) এ নীতিমালার আলোকে কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত পরিমাণ অনুদানের টাকা কর্মকর্তা/কর্মচারীদেরকে এ ব্যাংক হিসাব থেকে প্রদান করা হবে।

## ৫. কল্যাণ তহবিল পরিচালন বোর্ড :

ক) ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন চাকুরী প্রবিধানমালা-২০১৫ এর ১৮.০ অনুচ্ছেদ অনুযায়ী কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের সদস্য হবেন ফাউন্ডেশনের, ০১. নির্বাহী পরিচালক; ০২. উপ-ব্যবস্থাপক/ সমন্বয়ক; ০৩. মনিটরিং কর্মকর্তা ও ০৪. হিসাবরক্ষণ কর্মকর্তা।

খ) উপরোক্ত কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক অনুদান/সহায়তা প্রাপ্তির আবেদন নিষ্পত্তি পূর্বক সহায়তা প্রদান করা বা না করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করবেন।

(চলমান পাতা-০৩)

## ৬. আর্থিক অনুদান/সহায়তা প্রদানের ক্ষেত্র ও অনুদানের পরিমাণ ঃ

কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের নিম্নলিখিত ক্ষেত্রে সাহায্য হিসাবে আর্থিক অনুদান প্রদান করা যাবে ঃ

| ক্রঃ নং | আর্থিক অনুদানের ক্ষেত্র | অনুদানের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | চাকুরীরত অবস্থায় কর্মকর্তা/ কর্মচারীর মৃত্যু। | সর্বশেষ মূলবেতনের সর্বোচ্চ ৪৮ গুণ (সর্বোচ্চ-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা। এছাড়া দাফন-কাফন/অন্তষ্টিক্রিয়া ও লাশ পরিবহনের জন্য আরও ২০,০০০/-(বিশ হাজার) টাকা প্রদান করা যাবে। | কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে তার নমিনী এ অনুদানের অর্থ পাবেন। নমিনী না থাকলে তার স্ত্রী/স্বামী এ অনুদানের অর্থ পাবেন। স্ত্রী/স্বামী না থাকলে তার সন্তান/সন্তানেরা এ অনুদানের অর্থ পাবেন। স্ত্রী বা স্বামী বা সন্তান সন্ততি না থাকলে, পরিবারের কাকে এ অর্থ প্রদান করা হবে, সে বিষয়ে কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড সিদ্ধান্ত নেবেন। |
| ২. | কর্মকর্তা/কর্মচারীর আকস্মিক দুর্ঘটনায় উভয় হাত বা উভয় পা বা উভয় চক্ষু সম্পুর্ন নষ্ট হয়ে গেলে। | সর্বশেষ মূল বেতনের সর্বোচ্চ ২৪ গুণ (সর্বোচ্চ-৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা। | কর্মকর্তা/কর্মচারী নিজে এ অনুদানের অর্থ গ্রহন করবেন। |
| ৩. | কর্মকর্তা/কর্মচারীর আকস্মিক দুর্ঘটনায় এক হাত বা এক পা বা এক চক্ষু সম্পুর্ন নষ্ট হয়ে গেলে। | সর্বশেষ মূলবেতনের সর্বোচ্চ ১২ গুণ (সর্বোচ্চ-৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা। | কর্মকর্তা/কর্মচারী নিজে এ অনুদানের অর্থ গ্রহন করবেন। |
| ৪. | কর্মকর্তা/কর্মচারী বা তার পরিবারের কোন সদস্য গুরুতর অসুস্থ হলে। (যেমন: হার্ট সার্জারী, কিডনী অপারেশন/ডায়ালাইসিস, ক্যান্সার ও অন্যান্য গুরুতর অসুস্থতা যার চিকিৎসা ব্যয় বেশী)। | কর্মচারী নিজে অসুস্থ হলে সর্বোচ্চ-২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং পরিবারের কেউ অসুস্থ হলে সর্বোচ্চ-১,০০,০০০/-(এক লক্ষ) টাকা অনুদান পাবেন। | কর্মকর্তা/কর্মচারী নিজে এ অনুদানের অর্থ গ্রহন করবেন। (পরিবারের সদস্য বলতে মা, বাবা, স্ত্রী বা স্বামী, অবিবাহিত মেয়ে এবং ৩০ বছরের নিচের ছেলে বুঝাবে।) |
| ৫. | আর্থিকভাবে অসচ্ছল কর্মকর্তা/ কর্মচারীর কন্যার বিবাহ অনুষ্ঠানের জন্য খরচ। | সর্বোচ্চ-৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা। | চাকুরী জীবনে শুধুমাত্র একবার এ অনুদান প্রদান করা যাবে। |

(চলমান পাতা-০৪)

| | | | |
|---|---|---|---|
| ৬. | অসচ্ছল কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের অথবা কর্মকর্তা/কর্মচারীর মেধাবী সন্তানদের (ছাত্র/ছাত্রী) শিক্ষা সহায়তা প্রদান। | আবেদনের ভিত্তিতে মাধ্যমিক পর্যায়ে এককালীন সর্বোচ্চ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এবং উচ্চ মাধ্যমিক থেকে স্নাতক পর্যায়ে এককালীন সর্বোচ্চ ৮,০০০/-(আট হাজার) টাকা অনুদান দেওয়া হবে। | |
| ৭. | উপরোক্ত অসুবিধা সমূহ ছাড়াও যে কোন দৈব দূর্ঘটনা বা অন্য কোন যৌক্তিক অসুবিধায় সহায়তা প্রদান। | সর্বোচ্চ-৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা। | |

## ৭. আর্থিক অনুদান/সহায়তা মঞ্জুরীর পদ্ধতি ঃ

ক) কর্মকর্তা/কর্মচারীগণ অথবা তাদের পক্ষে নমিনী/উত্তরাধিকারী নির্বাহী পরিচালক বরাবর লিখিত আর্থিক অনুদানের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এসএমসিআইএফ প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন।

খ) চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/ কর্মচারীর মৃত্যু হলে, তার পরিবার/নমিনীর পক্ষ থেকে দাখিলকৃত আর্থিক অনুদানের আবেদনপত্রের সাথে ডেথ সার্টিফিকেট, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ পৌর বা সিটি করপোরেশনের কমিশনার প্রদত্ত ওয়ারিশ সার্টিফিকেট (চেয়ারম্যান/কমিশনার কর্তৃক সত্যায়িত ছবিসহ) এবং কর্মস্থল প্রধানের সুপারিশপত্র সংযুক্ত করতে হবে।

গ) চিকিৎসা জনিত কারণে/ অঙ্গহানির কারণে আর্থিক অনুদানের আবেদনপত্রের সাথে ফাউন্ডেশনের নিয়োগকৃত ডাক্তার/ বিসিকের নিয়োগকৃত ডাক্তার/ ফাউন্ডেশন বা বিসিকের নিয়োগকৃত ডাক্তার না থাকলে, সরকার কর্তৃক স্বীকৃত নুন্যতম এমবিবিএস ডিগ্রীধারী ডাক্তারের সনদপত্র এবং কর্মস্থল প্রধানের সুপারিশপত্র সংযুক্ত করতে হবে।

ঘ) কর্মকর্তা/ কর্মচারীর মেধাবী সন্তানদের শিক্ষা সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

ঙ) দৈব দূর্ঘটনা বা অন্য কোন যৌক্তিক অসুবিধায় আর্থিক অনুদানের আবেদনপত্রের সাথে কর্মস্থল প্রধানের মতামতসহ সুপারিশপত্র সংযুক্ত করতে হবে।

চ) প্রাপ্ত আবেদনপত্র/ আবেদনপত্র সমূহ নিষ্পত্তির জন্য কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের সভায় উপস্থাপন করতে হবে। এ বোর্ড এই নীতিমালা অনুসরণে আর্থিক অনুদান মঞ্জুরের বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

ছ) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার উর্ধ্বে অনুদান প্রদানের ক্ষেত্রে কল্যাণ তহবিল পরিচালনা বোর্ডের সুপারিশক্রমে চেয়ারম্যান, এসএমসিআইএফ তথা সচিব, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের অনুমোদনক্রমে অনুদানের অর্থ প্রদান করতে হবে। কল্যাণ তহবিল থেকে ব্যয়িত অর্থের হিসাব পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

(চলমান পাতা-০৫)

জ) এ তহবিলে যে পরিমাণ অর্থ সঞ্চিত থাকবে, তার চেয়ে বেশী পরিমাণ অনুদান মঞ্জুর করা যাবে না।

ঝ) এ তহবিল থেকে কেউ অনুদান পেলে তা অন্য কোন তহবিল থেকে অনুদান/আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্যতা বলে বিবেচিত হবে না।

ঞ) কর্মকর্তা/ কর্মচারীর চাকুরীর বয়স নূন্যতম ০৩(তিন) বছর না হলে এবং চাকুরী স্থায়ীকরণ না হলে উপরোক্ত ৬ নং অনুচ্ছেদে বর্ণিত আর্থিক অনুদান/সহায়তা সমূহ প্রাপ্য হবেন না। তবে দৈব দুর্ঘটনায় বোর্ডের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা অনুদান প্রদান করা যাবে।

ট) প্রত্যক মঞ্জুরীর পর হিসাব শাখা রেজিষ্ট্রারে রেকর্ড সংরক্ষণ করবেন।

ঠ) কোন কর্মকর্তা/কর্মচারী ভুল বা মিথ্যা তথ্য দিয়ে আবেদন করলে এবং তা প্রমাণিত হলে, তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।

## ৮. অসুবিধা দূরীকরণ ঃ

এই নীতিমালায় অন্তর্ভূক্ত হয়নি, এমন কোন বিষয় উত্থাপিত হলে সে বিষয়ে পরিচালক পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## ৯. নীতিমালা অনুমোদন ও সংশোধন ঃ

ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে এ নীতিমালা কার্যকর হবে এবং এ তহবিল পরিচালনার বাস্তব প্রয়োজনে এই নীতিমালার কোন সংযোজন, বিয়োজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের প্রয়োজন দেখা দিলে পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে তা করা যাবে।

২৮.০১.২২
(কাজী কামরুল হাসান)
হিসাবরক্ষণ কর্মকর্তা
এসএমসিআইএফ, প্রধান কার্যালয়
ও
সদস্য সচিব
কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ন কমিটি।

২৬।০১ ২০২২
(শ্যামল কুমার দাস)
মনিটরিং কর্মকর্তা
এসএমসিআইএফ, প্রধান কার্যালয়
ও
সদস্য
কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ন কমিটি।

২৬.০১.২০২১
(মোঃ এমদাদুল হক)
উপ-মহাব্যবস্থাপক, বিসিক
ও
সমন্বয়ক, এসএমসিআইএফ
ও সদস্য
কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ন কমিটি।

২৬।১।২০২১
(মোহাং সেলিম উদ্দিন)
নির্বাহী পরিচালক, এসএমসিআইএফ
ও
অতিরিক্ত সচিব (নীতি,আইন ও আস) শিল্প মন্ত্রণালয়
ও
আহবায়ক
কল্যাণ তহবিল নীতিমালা প্রণয়ন কমিটি।

# বেতন-ভাতা বিলের নমুনা

## ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
## শিল্প মন্ত্রণালয়

জেলা কার্যালয়ের নাম ঃ------------------------------ তারিখ ঃ----------------------

### বেতন-ভাতা বিল

মাসের নাম ঃ ------------------

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীদের নাম ও পদবী | মূল বেতন | বাড়ী ভাড়া ভাতা | চিকিৎসা ভাতা | শিক্ষা ভাতা | যাতায়াত ভাতা | টিফিন ভাতা | ধোলাই ভাতা | পাহাড়ী ভাতা | মোট বেতন ও ভাতা | কর্তন | | | নীট প্রদেয় বেতন ভাতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | সিপিএফ নিজ চাঁদা | কল্যাণ তহবিলের চাঁদা | মোট কর্তন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪=(১২+১৩) | ১৫=(১১-১৪) | ১৬ |
| ১. | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | | | | | |

হিসাব রক্ষকের স্বাক্ষর

মোঃ ফরহাদুল ইসলাম
হিসাব রক্ষক-তথা-কোষাধ্যক্ষ
এস এম সি আই এফ, প্রঃ কাঃ ঢাকা।

ঋণ তত্ত্বাবধায়কের স্বাক্ষর

(কাজী কামরুল ইসলাম)
হিসাব রক্ষণ কর্মকর্তা
(মূল পদবী ঃ মনিটরিং কর্মকর্তা)
এসএমসিআইএফ, প্রধান কার্যালয়।

সম্প্রঃ/সহঃ সম্প্রঃ কর্মকর্তার স্বাক্ষর

# ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
## শিল্প মন্ত্রণালয়

জেলা কার্যালয়ের নাম ঃ---------------------------- তারিখ ঃ---------------------

**কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত কল্যাণ তহবিলের চাঁদার বিল**

চাঁদার মাস সমূহ ঃ জুলাই/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত=০৬ মাস

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীদের নাম | পদবী ও গ্রেড | প্রদত্ত চাঁদার মাসের নাম এবং মাসিক চাঁদার পরিমাণ | | | | | | প্রদত্ত মোট চাঁদা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জুলাই/২১ | আগষ্ট/২১ | সেপ্টেম্বর/২১ | অক্টোঃ/২১ | নভেঃ/২১ | ডিসেঃ/২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০=(৪+৫+৬+৭+৮+৯) | ১১ |
| ১. | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | |
| | | মাসিক মোট | | | | | | | | |
| সর্বমোটঃ ( কথায়--------------------------------------------------) | | | | | | | | | | |

হিসাব রক্ষকের স্বাক্ষর

১৩/০১/২২
মোঃ ফরহাদুল ইসলাম
হিসাব রক্ষক-তথা-কোষাধ্যক্ষ
এস এম সি আই এফ, প্রঃ কাঃ ঢাকা।

ঋণ তত্ত্বাবধায়কের স্বাক্ষর

১৩/০১/২২
(কাজী কামরুল হাসান)
হিসাব রক্ষণ কর্মকর্তা
(মূল পদবী ঃ মনিটরিং কর্মকর্তা)
এসএমসিআইএফ, প্রধান কার্যালয়।

সম্প্রঃ/সহঃ সম্প্রঃ কর্মকর্তার স্বাক্ষর

## পূরণকৃত নমুনা

# ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
## শিল্প মন্ত্রণালয়

জেলা কার্যালয়ের নাম ঃ ঢাকা                                        তারিখ ঃ ০১.০১.২০২২

### কর্মকর্তা/কর্মচারীদের বেতন থেকে কর্তনকৃত কল্যাণ তহবিলের চাঁদার বিল

চাঁদার মাস সমূহ ঃ জুলাই/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত=০৬ মাস

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীদের নাম | পদবী ও গ্রেড | প্রদত্ত চাঁদার মাসের নাম এবং মাসিক চাঁদার পরিমাণ | | | | | | প্রদত্ত মোট চাঁদা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জুলাই/২১ | আগষ্ট/২১ | সেপ্টেম্বর/২১ | অক্টোঃ/২১ | নভেঃ/২১ | ২১ | | |
| ১. | জনাব------------- | সম্প্রঃ/সহঃ সম্প্রঃ কর্মকর্তা, গ্রেড-৯/১০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ১৫০ | ৯০০/- | |
| ২. | জনাব------------- | ঋণ তত্ত্বাবধায়ক গ্রেড-১২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৬০০/- | |
| ৩. | জনাব------------- | হিসাব রক্ষক গ্রেড-১২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৬০০/- | |
| ৪. | জনাব------------- | পিয়ন কাম গার্ড গ্রেড-২০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৬০০/- | |
| | | মাসিক মোট | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ২,৭০০/- | |
| | | | | | | | সর্বমোটঃ ( দুই হাজার সাতশত টাকা) | | | |

হিসাব রক্ষকের স্বাক্ষর          ঋণ তত্ত্বাবধায়কের স্বাক্ষর          সম্প্রঃ/সহঃ সম্প্রঃ কর্মকর্তার স্বাক্ষর

মোঃ ফরহাদুল ইসলাম
হিসাব রক্ষক-তথা-কোষাধ্যক্ষ
এস এম সি আই এফ, প্রঃ কাঃ ঢাকা।

(কাজী কামরুল হাসান)
হিসাব রক্ষণ কর্মকর্তা
(মূল পদবী ঃ মনিটরিং কর্মকর্তা)
এসএমসিআইএফ, প্রধান কার্যালয়।

১৪